গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ
নীতি ও সংগঠন শাখা
www.mofa.gov.bd

নম্বর-১৯.০০.০০০০.১১৪.০৪.০০১.২০-৭৫

তারিখ: ১৩ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয় : পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন বিদেশস্থ বাংলাদেশ মিশন সমূহে বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক পদ সৃজন ও কূটনৈতিক পদমর্যাদা বা সমমান নির্ধারণ সংক্রান্ত।**

জাতীয় স্বার্থ ও বাংলাদেশের সার্বভৌমত্বের সর্বোচ্চ প্রাধিকার বিবেচনায় পররাষ্ট্র নীতির সুস্পষ্ট ও সুনির্ধারিত বাস্তবায়নের উদ্দেশ্যে আন্তঃরাষ্ট্রীয় সম্পর্কের সকল পর্যায় আন্তর্জাতিক প্রথা, সরকারের Rules of Business, 1996 এবং Allocation of Business Among the Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হয়। কোনো দেশের সাথে বাংলাদেশের সামগ্রিক কূটনৈতিক সম্পর্ক ও দ্বিপাক্ষিক সম্পৃক্ততার ব্যাপ্তি বিবেচনায় সংশ্লিষ্ট দেশে দূতাবাস স্থাপন করা হয় এবং উক্ত দূতাবাসের আকার নির্ধারণ করা হয়ে থাকে। কূটনৈতিক সম্পর্কের মাত্রা, প্রকৃতি ও সংবেদনশীলতা ভেদে Principle of Reciprocity-এর ভিত্তিতে এবং স্বাগতিক দেশের পূর্ব সম্মতি অনুযায়ী দূতাবাসে পেশাদার কূটনৈতিক কর্মকর্তার পাশাপাশি বিশেষ ক্ষেত্রে অন্যান্য কর্মকর্তার প্রয়োজনীয়তা ও পর্যায় নির্ধারিত হয়, যা আন্তর্জাতিক রীতিতে সকল দেশের জন্য একটি অবশ্য পালনীয় প্রথা।

০২। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পররাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্ব সম্মতি গ্রহণ ব্যতীত বিদেশস্থ বাংলাদেশ মিশনে পদ সৃজন করা হলে তাতে সরকারের যথাযথ কর্মবন্টন পদ্ধতি পালিত হয় না, যা অনাকাঙ্ক্ষিত। পূর্বানমতি ব্যতীত মিশনে কোনো পদ সৃজনের সিদ্ধান্ত গ্রহণ অনেক স্বাগতিক দেশের সরকারের নিকট অগ্রহণযোগ্য এবং দূতাবাসের সাথে স্বাগতিক দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সম্পর্কে নেতিবাচক প্রভাব ফেলার সম্ভাবনা রাখে।

০৩। এমতাবস্থায়, "রুলস অব বিজনেস, ১৯৯৬" এর বিধি-১৫ এবং এলোকেশন অব্ বিজনেস অনুযায়ী বিদেশস্থ বাংলাদেশ মিশনে অন্যান্য সকল মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক পদ সৃজনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ আবশ্যক:

(ক) সকল প্রকারের পদ সৃজনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের পূর্বে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণ।
(খ) দূতাবাসে বিদ্যমান পদের সাথে সামঞ্জস্য রক্ষাপূর্বক সহায়ক জনবল সৃজন এবং অন্যান্য সুবিধাদি প্রদান।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

Abu Sumaiya 27/01/2026

(আবু ছুমাইয়া)
সহকারী সচিব (নীতি ও সংগঠন)
☏ ০২-২২৩৩৫০৯০৮
ই-মেইল: aspando@mofa.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব............ মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।

৫. বিদেশস্থ সকল বাংলাদেশ মিশন।
৬. অতিরিক্ত সচিব, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চিফ অ্যাকাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার-এর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. সহকারী সচিব, আইসিটি, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি।